আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের লক্ষ্যে কর্মসূচি বাস্তবায়ন সম্পর্কিত সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভার তারিখ | : ০৪ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ |
| সময় | : বিকেল ৩.৩০ ঘটিকা |
| স্থান | : আইন ও বিচার বিভাগের সভাকক্ষ |
| সভাপতি | : জনাব মোঃ গোলাম সারওয়ার<br>সচিব, আইন ও বিচার বিভাগ। |

সভাপতি মহোদয় শুরুতেই স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি গভীর শ্রদ্ধাজ্ঞাপন করে সভার কার্যক্রম শুরু করেন। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের কর্মসূচিতে অধঃস্তন আদালতের বিচারকগণ এবং মাঠ পর্যায়ের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাদের সম্পৃক্ত করার বিষয়ে গুরুত্বারোপ করে তিনি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক, এমপি মহোদয়ের নির্দেশনা মোতাবেক আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের উভয় বিভাগ সম্মিলিতভাবে কর্মপরিকল্পনা বাস্তবায়ন করবে।

সভাপতি মহোদয় বলেন, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের উভয় বিভাগের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য ইতোপূর্বে মাননীয় মন্ত্রী মহোদয়ের অনুমোদনক্রমে উপদেষ্টা কমিটি, কো-অর্ডিনেশন কমিটি, অনুসন্ধান কমিটি (১৯৪৮ সালের ভাষা আন্দোলন থেকে ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধকালীন সময় পর্যন্ত আইন ও বিচার সংক্রান্ত বঙ্গবন্ধুর প্রধান প্রধান নীতি নির্ধারণী কার্যাবলি অনুসন্ধান), পুস্তিকা প্রণয়ন কমিটি (১৯৭২ সালের ১০ জানুয়ারি থেকে ১৯৭৫ সালের ১৫ আগস্ট পর্যন্ত বঙ্গবন্ধুর আমলে প্রণীত আইন, ঘটনাপ্রবাহ, সামাজিক ও রাজনৈতিক কর্মকাণ্ড বিষয়ক), ডকুমেন্টারি/তথ্যচিত্র বিষয়ক কমিটি গঠিত হয়েছিল। উক্ত কমিটিসমূহ যে সকল কর্মকর্তার সমন্বয়ে গঠিত হয়েছিল তাঁদের অনেকেই অবসর গ্রহণ করেছেন, অনেকেই পদোন্নতিপ্রাপ্ত হয়েছেন। তাই তিনি উক্ত কমিটিসমূহ পুনর্গঠনের প্রস্তাব মাননীয় মন্ত্রী মহোদয়ের অনুমোদনের জন্য উপস্থাপনের অভিমত প্রকাশ করেন।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত কর্মকর্তাদের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে মতামত প্রদানের আহ্বান করেন।

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সচিব জনাব নরেন দাস বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শততম জন্মদিন আগামী ১৭ মার্চ, ২০২০ তারিখে মন্ত্রণালয়ের উদ্যোগে কিছু কর্মসূচি গ্রহণ করতে হবে। ১৭ মার্চের কাছাকাছি তারিখে টুঙ্গিপাড়া যাওয়া যায় কিনা সে ব্যাপারে মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে আলোচনা করে সিদ্ধান্ত নিতে হবে।

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ মইনুল কবির জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকীর সকল কর্মপরিকল্পনা সফলভাবে বাস্তবায়নের জন্য মাননীয় মন্ত্রী মহোদয়ের নির্দেশনা মতে উভয় বিভাগকে সমন্বয় সাধন করে কাজ করার আহ্বান জানান।

আইন ও বিচার বিভাগের যুগ্ম-সচিব (প্রশাসন-১) জনাব বিকাশ কুমার সাহা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উপলক্ষে ফেস্টুন ও ব্যানারে বিভাগের নাম না দিয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের নামে প্রস্তুত করার প্রস্তাব উত্থাপন করেন।

আইন ও বিচার বিভাগের যুগ্ম-সচিব (মতামত) বেগম উম্মে কুলসুম জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যা মামলার উপর আইন-আদালতভিত্তিক তথ্যনির্ভর একটি আন্তর্জাতিক মানসম্পন্ন প্রামাণ্যচিত্র নির্মাণের জন্য যথাসম্ভব দ্রুত কমিটি গঠন এবং কমিটির কাজ শুরু করার আহ্বান জানান।

আইন ও বিচার বিভাগের যুগ্ম-সচিব (প্রশাসন-২) জনাব এ.এইচ.এম হাবিবুর রহমান ভুঁইয়া জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নির্মম হত্যাকান্ড, কুখ্যাত অবৈধ দায়মুক্তি অধ্যাদেশ (ইনডেমনিটি অর্ডিন্যান্স) ও তদন্তসহ হত্যা মামলার বিচার কার্যক্রম সম্পর্কিত জাতীয়/আন্তর্জাতিক সেমিনার আয়োজনের প্রস্তুতি গ্রহণের ব্যাপারে গুরুত্বারোপ করেন।

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের যুগ্ম-সচিব জনাব কাজী আরিফুজ্জামান বিগত বছরগুলোর মতো আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের উভয় বিভাগের অংশগ্রহণে এ বছরও যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে জাতীয় শোক দিবস পালনের উদ্যোগ গ্রহণের প্রস্তাব করেন।

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের যুগ্ম-সচিব জনাব ড. মোঃ জাকেরুল আবেদীন মুজিববর্ষের কর্মসূচি পালনের জন্য একটি ক্যালেন্ডার প্রস্তুতের প্রস্তাব উপস্থাপন করেন। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের যুগ্ম-সচিব জনাব কাজী আরিফুজ্জামান এ বিষয়ে আইন ও বিচার বিভাগের যুগ্ম-সচিব (প্রশাসন-২) জনাব এ.এইচ.এম হাবিবুর রহমান ভুঁইয়া-কে প্রধান করে একটি কমিটি গঠনের প্রস্তাব করেন।

আইন ও বিচার বিভাগের উপ-সচিব (প্রশাসন-২) জনাব এস, মোহাম্মদ আলী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক গত ২৫/০৯/২০১৯ খ্রিঃ তারিখের স্মারক নং জঃশঃউঃ/বাস্তবায়ন কমিটি/কর্মপরিকল্পনা-০১/২০১৯/২৬৫ মূলে প্রেরিত আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের জন্য অনুমোদিত কর্মপরিকল্পনাসমূহ সভায় উপস্থাপন করেন। তিনি আরও উল্লেখ করেন, উক্ত স্মারকমূলে অনুমোদিত কর্মপরিকল্পনাসমূহ জাতীয় বাস্তবায়ন কমিটির সভাপতি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক সদয় অনুমোদিত হয়েছে।

এছাড়া সভায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের যুগ্ম-সচিব জনাব হুমায়ুন ফরহাদ, যুগ্ম-সচিব জনাব মোঃ শাহিনুর ইসলাম, আইন ও বিচার বিভাগের উপ-সচিব জনাব মোঃ রবিউজ্জামান অভিমত ব্যক্ত করেন।

## সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ ঃ

১. সভায় বিস্তারিত আলোচনা শেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকীর কর্মপরিকল্পনাসমূহ সফলভাবে বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিতভাবে কমিটি পুনর্গঠনপূর্বক অনুমোদনের জন্য আইন, বিচার ও সংসদ বিয়য়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় সমীপে সবিনয় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়-

**উপদেষ্টা কমিটিঃ**

| ক্রম | নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব আনিসুল হক, এমপি<br>মাননীয় মন্ত্রী<br>আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | আহ্বায়ক |
| ২ | জনাব মোঃ গোলাম সারওয়ার<br>সচিব, আইন ও বিচার বিভাগ | সদস্য |
| ৩ | জনাব নরেন দাস<br>সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |
| ৪ | জনাব মোহাম্মদ শহীদুল আলম ঝিনুক<br>মহা-পরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর | সদস্য |
| ৫ | জনাব বিকাশ কুমার সাহা<br>পরিচালক (ভারপ্রাপ্ত), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা | সদস্য |

কো-অর্ডিনেশন কমিটিঃ

| ক্রম | নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব মোঃ গোলাম সারওয়ার<br>সচিব, আইন ও বিচার বিভাগ | আহ্বায়ক |
| ২ | জনাব নরেন দাস<br>সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |
| ৩ | জনাব বিকাশ কুমার সাহা<br>পরিচালক (ভারপ্রাপ্ত), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা | সদস্য |
| ৪ | জনাব এ.এইচ.এম হাবিবুর রহমান ভুঁইয়া<br>যুগ্ম-সচিব (প্রশাসন-২), আইন ও বিচার বিভাগ | সদস্য |
| ৫ | বেগম রুনা নাহিদ আকতার<br>সলিসিটর, আইন ও বিচার বিভাগ | সদস্য |
| ৬ | জনাব মোঃ গোলাম কিবরিয়া<br>পরিচালক (প্রশিক্ষণ), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট | সদস্য |
| ৭ | জনাব কাজী আরিফুজ্জামান<br>যুগ্ম-সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |

**অনুসন্ধান কমিটি (১৯৪৮ সালের ভাষা আন্দোলন থেকে ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধকালীন সময় পর্যন্ত আইন ও বিচার সংক্রান্ত বঙ্গবন্ধুর প্রধান প্রধান নীতি নির্ধারণী কার্যাবলি অনুসন্ধান)ঃ**

| ক্রম | নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব নরেন দাস<br>সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | আহ্বায়ক |
| ২ | জনাব মোঃ মইনুল কবির<br>অতিরিক্ত সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |
| ৩ | জনাব বিকাশ কুমার সাহা<br>যুগ্ম-সচিব (প্রশাসন-১), আইন ও বিচার বিভাগ | সদস্য |
| ৪ | বেগম উম্মে কুলসুম<br>যুগ্ম-সচিব (মতামত), আইন ও বিচার বিভাগ | সদস্য |
| ৫ | জনাব মোঃ শাহিনুর ইসলাম<br>যুগ্ম-সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |
| ৬ | জনাব ড. মোঃ জাকেরুল আবেদীন<br>যুগ্ম-সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |
| ৭ | জনাব মোঃ ফজলে এলাহী ভুঁইয়া<br>উপ-সচিব (মতামত-২), আইন ও বিচার বিভাগ | সদস্য |

পুস্তিকা প্রণয়ন কমিটি (১৯৭২ সালের ১০ জানুয়ারি থেকে ১৯৭৫ সালের ১৫ আগস্ট পর্যন্ত বঙ্গবন্ধুর আমলে প্রণীত আইন, ঘটনাপ্রবাহ, সামাজিক ও রাজনৈতিক কর্মকাণ্ড বিষয়ক)ঃ

| ক্রম | নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব মোঃ গোলাম সারওয়ার<br>সচিব, আইন ও বিচার বিভাগ | আহ্বায়ক |
| ২ | জনাব মোহাম্মদ শহীদুল আলম ঝিনুক<br>মহা-পরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর | সদস্য |
| ৩ | বেগম রুনা নাহিদ আকতার<br>সলিসিটর, আইন ও বিচার বিভাগ | সদস্য |
| ৪ | জনাব কাজী আরিফুজ্জামান<br>যুগ্ম-সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |
| ৫ | জনাব শেখ গোলাম মাহবুব<br>উপ-সচিব (প্রশাসন-১), আইন ও বিচার বিভাগ | সদস্য |
| ৬ | জনাব শেখ হুমায়ুন কবীর<br>উপ-সচিব (বাজেট), আইন ও বিচার বিভাগ | সদস্য |
| ৭ | জনাব মোহাম্মদ আরিফুল কায়সার<br>উপ-সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |

ডকুমেন্টারি/তথ্যচিত্র বিষয়ক কমিটিঃ

| ক্রম | নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব বিকাশ কুমার সাহা<br>যুগ্ম-সচিব (প্রশাসন-১), আইন ও বিচার বিভাগ | আহ্বায়ক |
| ২ | বেগম উম্মে কুলসুম<br>যুগ্ম-সচিব (মতামত), আইন ও বিচার বিভাগ | সদস্য |
| ৩ | পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা | সদস্য |
| ৪ | জনাব হুমায়ুন ফরহাদ<br>যুগ্ম-সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |
| ৫ | জনাব ড. মোঃ জাকেরুল আবেদীন<br>যুগ্ম-সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |
| ৬ | জনাব এস, মোহাম্মদ আলী<br>উপ-সচিব (প্রশাসন-২), আইন ও বিচার বিভাগ | সদস্য |
| ৭ | জনাব দীপংকর বিশ্বাস<br>উপ-সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |

মুজিববর্ষের কর্মসূচি পালনের জন্য ক্যালেন্ডার প্রস্তুত কমিটিঃ

| ক্রম | নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব এ.এইচ.এম হাবিবুর রহমান ভুঁইয়া<br>যুগ্ম-সচিব (প্রশাসন-২), আইন ও বিচার বিভাগ | আহ্বায়ক |
| ২ | জনাব গাজী কালিমুল্লাহ<br>উপ-সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |
| ৩ | জনাব মোঃ রবিউজ্জামান<br>উপ-সচিব (মতামত), আইন ও বিচার বিভাগ | সদস্য |

২. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শততম জন্মদিন উদ্‌যাপন উপলক্ষে আগামী ১৭ মার্চ, ২০২০ তারিখে মন্ত্রণালয়ের উদ্যোগে কর্মসূচি গ্রহণ করা হবে।

৩. স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের উভয় বিভাগ এবং আওতাধীন দপ্তর, অধিদপ্তর ও সারাদেশের অধস্তন আদালতে 'জাতীয় শোক দিবস ২০২০' পালিত হবে।

সভা পরিসমাপ্তির পূর্বে সভাপতি মহোদয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে আলোচনা করবেন মর্মে উপস্থিত সকলকে আশ্বস্ত করেন। সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

08/02/2020

(মোঃ গোলাম সারওয়ার)
সচিব
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।